

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 01-02-2026
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় বিকশিত ভারতের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাজেটকে ঐতিহাসিক বলে বর্ণনা করে বলেন, এই বাজেট ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের রূপান্তরের ভিত্তি।
- (৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, প্রস্তাবিত কেন্দ্রীয় বাজেট আগামী ২৫ বছরের রোডম্যাপ তৈরি করেছে।
- (৪) রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরা ৪ উইকেটে গুজরাটকে পরাজিত করেছে।

Budget:

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজ লোকসভায় বিকশিত ভারতের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন। এটি ছিল অর্থমন্ত্রী হিসেবে নির্মলা সীতারামনের পেশ করা নবম বাজেট। বাজেটকে যুবশক্তি-চালিত উল্লেখ করে অর্থমন্ত্রী দারিদ্র্য বিমোচনে এবং দেশের জনগণের জীবনযাত্রার উন্নয়নে উল্লেখযোগ্য অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন, এবারের বাজেট অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত করা, জনগণের সক্ষমতা বৃদ্ধি এবং প্রতিটি পরিবার, সম্প্রদায়, অঞ্চল ও ক্ষেত্রের সম্পদ, সুযোগ-সুবিধা ও সুযোগ প্রদানের তিনটি কার্তব্য দ্বারা অনুপ্রাণিত। তিনি ঘোষণা করেন, আগামী পাঁচ বছরে ভারতকে একটি বিশ্ব

বায়োফার্মা উৎপাদন কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য দশ হাজার কোটি টাকা ব্যয়ে Biopharma SHAKTI চালু করা হবে। শ্রম-নিবিড় টেক্সটাইল ক্ষেত্রের জন্য, অর্থমন্ত্রী খাদি, তাঁত এবং হস্তশিল্পকে শক্তিশালী করতে মহাত্মা গান্ধী গ্রাম স্বরাজ উদ্যোগ চালু করার কথা ঘোষণা করেন।

প্রস্তাবিত বাজেট অনুসারে দাম কমছে ১৭টি জীবনদায়ী ওষুধ (ডায়াবেটিস ও ক্যানসারের ওষুধ-সহ), স্মার্টফোন, মোবাইলের যন্ত্রাংশ, ইলেকট্রনিক গাড়ির ব্যাটারি ইত্যাদি। দাম বাড়ছে সিগারেট, মদ, তামাকজাত পণ্য, নির্দিষ্ট কিছু খনিজ ইত্যাদি।

Cancer & Others BYTE

Budget-Income Tax:

বাজেট ভাষণে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেন, আগামী ১ এপ্রিল থেকে নতুন আয়কর আইন চালু হচ্ছে। নতুন আয়কর আইনে ৩১ জুলাই পর্যন্ত আয়কর রিটার্ন দাখিল করা যাবে। বাজেটে কর কাঠামোয় সরলীকরণ করার প্রস্তাব রাখা হয়েছে। আয়করে ছোটখাটো ফাঁকিতে জেল নয়, অতিরিক্ত ১০ শতাংশ জরিমানার প্রস্তাব রাখা হয়েছে।

#####Byte Income Tax#####

Budget Banking:

কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেন, সরকার ব্যাঙ্কিং ক্ষেত্রে পর্যালোচনা এবং আর্থিক স্থিতিশীলতা, অন্তর্ভুক্তি এবং ভোক্তা সুরক্ষায় বিকশিত ভারতের জন্য ব্যাঙ্কিং সংক্রান্ত উচ্চ স্তরের কমিটি গঠনের সিদ্ধান্ত নিয়েছে। অর্থমন্ত্রী বলেন, সরকার পাওয়ার ফাইন্যান্স করপোরেশন ও পল্লী বিদ্যুতায়ন করপোরেশন পুনর্গঠন করবে।

Budget- Buddha Circuit:

অর্থমন্ত্রী ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের ৫টি রাজ্যে বৌদ্ধ সার্কিট স্থাপনের প্রস্তাব করেছেন।

#####Buddha Circuit Byte#####

Budget-Cooperative:

২০২৬-২৭ অর্থবর্ষের বাজেটে প্রাথমিক সমবায় সমিতিগুলির জন্য বেশ কয়েকটি উৎসাহ ভাতার প্রস্তাব রাখা হয়েছে। তাতে গো-খাদ্য এবং তুলো বীজ উৎপাদনের সঙ্গে যুক্ত প্রাথমিক সমবায় সমিতিগুলির সদস্যদের জন্য ছাড়ের ক্ষেত্র বাড়ানো হয়েছে। বর্তমানে দুধ, তৈলবীজ, ফল বা সব্জি সরবরাহের সঙ্গে যুক্ত প্রাথমিক সমবায় সমিতিগুলির সদস্যদের ছাড় দেওয়া হয়ে থাকে।

Budget-Girls Hostel:

অর্থমন্ত্রী জানান, উচ্চশিক্ষায় লাভের ক্ষেত্রে সুযোগ সুবিধা প্রদানে দেশের প্রতিটি জেলায় একটি করে গার্লস হোস্টেল স্থাপন করা হবে।

Girls Hostel#####

Budget Mental Hospital:

বাজেট ভাষণে অর্থমন্ত্রী জানান, কেন্দ্রীয় সরকার NIMHANS-2 স্থাপন করবে এবং রাঁচি ও তেজপুরের জাতীয় মানসিক স্বাস্থ্য প্রতিষ্ঠানকে উন্নত করবে।

#####Mental Hospital Byte#####

অর্থমন্ত্রী এই বাজেটে ৫৩.৪৭ লক্ষ কোটি টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব পেশ করেছেন।

PM-Budget:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০২৬-‘২৭ সালের বাজেটকে ঐতিহাসিক বাজেট আখ্যা দিয়ে বলেন, এই বাজেট ভারতকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে নিয়ে পৌঁছবে। বাজেট পেশের পর প্রধানমন্ত্রী বলেন, “এই বাজেট মানুষের চাহিদার বাজেট। এতে ভারতের অর্থব্যবস্থার আরও উন্নতি হবে। সংস্কারের নতুন গতি পাবে। এই বাজেটে মূল্যবৃদ্ধি কমানোর দিশা রয়েছে। আত্মনির্ভর ভারত প্রকল্পেও নতুন দিশা দেবে। বিকশিত ভারত মজবুত হবে। প্রধানমন্ত্রী বলেন, আধুনিক বাস্তবতায় তৈরি হবে মহিলাদের স্বনির্ভর গোষ্ঠীতে। এই বাজেট পর্যটনে উৎসাহ যোগাবে। বিশেষ করে পর্যটন ক্ষেত্রে উত্তর-পূর্ব ভারত আকর্ষণীয় হয়ে উঠবে।

PM Byte

Budget Defence:

এবারের কেন্দ্রীয় বাজেটে প্রতিরক্ষা ক্ষেত্রে সর্বাধিক বরাদ্দ করা হয়েছে, যার পরিমাণ ৭.৮৫ লক্ষ কোটি টাকা। এই বরাদ্দ দেশের মোট জিডিপি'র ২ শতাংশ এবং ২০২৫-২৬ সালের বাজেটের তুলনায় ১৫.১৯ শতাংশ বৃদ্ধি ঘটেছে। এবারের প্রতিরক্ষা বাজেট কেন্দ্রীয় সরকারের ব্যয়ের ১৪.৬৭ শতাংশ। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং প্রতিরক্ষা খাতে ৭.৮৫ লক্ষ কোটি টাকা বরাদ্দের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে ধন্যবাদ জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাজনাথ সিং বলেছেন, এই বাজেট নিরাপত্তা-উন্নয়ন-আত্মনির্ভরতার ভারসাম্যকে শক্তিশালী করেছে এবং জাতির সর্বোত্তম স্বার্থে বরাদ্দ দেয়া হয়েছে। তিনি জোর দিয়ে বলেন, অপারেশন সিন্দুরের ঐতিহাসিক সাফল্যের পরবর্তী এই বাজেট দেশের নিরাপত্তা ব্যবস্থা জোরদার এবং সামরিক সক্ষমতা বাড়ানোর জন্য সরকারের সংকল্প শক্তিশালী করে।

CM reaction on budget:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা কেন্দ্রীয় বাজেটের উপর প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে বলেন এই বাজেট ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের দিকে যাত্রার পথ প্রদর্শন করে এবং একটি স্পষ্ট ২৫ বছরের রোডম্যাপ তৈরি করেছে। উৎপাদন ও বিশ্বমানের পরিকাঠামো থেকে শুরু করে স্বাস্থ্যসেবা ও পর্যটন, অত্যাধুনিক কৃত্রিম বুদ্ধিমত্তা গ্রহণ, আধুনিক ক্রীড়াক্ষেত্রের উন্নয়নের দিশা এই বাজেটে প্রতিফলিত হয়েছে। তাছাড়া, এই বাজেট প্রতিটি গ্রাম, শহর এবং শহরের যুবসমাজ, মহিলা এবং কৃষকদের আকাঙ্ক্ষাকে আলোকিত করে বলে মুখ্যমন্ত্রী অভিমত ব্যক্ত করেন।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Swachha Bharat Mission:

গোমতি জেলার কাঁকড়াবন ব্লকের জামজুড়িবাজারে এক স্বচ্ছ ভারত অভিযান কর্মসূচি অনুষ্ঠিত হয়। জামজুড়ি পঞ্চায়েত এলাকাতে স্বচ্ছতার জন্য কাঁকড়াবন ব্লক থেকে আবর্জনা বহনকারী দুটি গাড়ি প্রদান করা হয়। দুই শতাধিক ডাস্টবিনও বিতরণ করা হয় ব্যবসায়ীদের মধ্যে। উপস্থিত ছিলেন গোমতি জিলা সভাপতি দেবল দেবরায়, কাঁকড়াবনের বিডিও অনিন্দ্য দত্ত মজুমদার প্রমুখ।

Rastrapati Bhawan:

নতুন দিল্লিস্থিত রাষ্ট্রপতি ভবনের অমৃত উদ্যান আগামি ৩রা ফেব্রুয়ারি থেকে ৩১শে মার্চ পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। আগ্রহীরা সপ্তাহের ছয় দিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত উদ্যান ভ্রমণ করতে পারবেন। বাগানে

প্রবেশ বিনামূল্যে এবং শুধুমাত্র অনলাইন মোডে পাওয়া যাবে। দর্শনার্থীরা visit.rashtrapatibhavan.gov.in-এর মাধ্যমে টিকিট বুক করতে পারেন।

Condolence:

ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের প্রাক্তন সভাপতি ও প্রতিষ্ঠাতা সদস্য তপন চক্রবর্তী আজ ভোরে বাধারঘাটের বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭০ বছর। তিনি সততার সাথে ক্রীড়া সাংবাদিক হিসেবে কাজ করে গেছেন। মৃত্যু কালে তিনি স্ত্রী ও এক পুত্র রেখে গেছেন। তাঁর প্রয়াণে টিএসজেসি-র পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করে প্রয়াতের পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানানো হচ্ছে। আজ সকালে প্রয়াতের মরদেহ উমাকান্ত মিনি স্টেডিয়ামে টিএসজেসি-র সামনে আনা হলে শেষ শ্রদ্ধা জানান হয়। পরে আগরতলার প্রেস ক্লাবে নিয়ে আসা হলে সবাই প্রয়াতের প্রতি শ্রদ্ধা জানান।

Ranji Trophy:

রঞ্জি ট্রফির চারদিনের খেলায় ত্রিপুরা ৪ উইকেটে গুজরাটকে পরাজিত করেছে। এম বি বি স্টেডিয়ামে আজ চতুর্থ তথা শেষ দিনে আজ সফরকারী গুজরাট ২ উইকেটে ৫৩ রান থেকে খেলতে নেমে ৯ উইকেটে ২৫২ রানে দ্বিতীয় ইনিংসের সমাপ্তির ঘোষণা দেয়। ১৭৮ রানের জয় লক্ষ্যে নেমে রাজ্যদল ৬ উইকেট হারিয়ে প্রয়োজনীয় রান তুলে নেয়। এর আগে গুজরাটের প্রথম ইনিংসের ৩৫২ রানের জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে ৪২৭ রান করেছিল। এই জয়ের ফলে ৮ ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে রাজ্যদল রঞ্জি ট্রফির আসর শেষ করে।

Padmajang Football:

কৈলাশহর কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্ট এর আজকের খেলায় ত্রিপুরা পুলিশ দল তিন-শূণ্য গোলের ব্যবধানে উত্তরবঙ্গের মাষ্টাং ইউনাইটেড (Mustang United) দল'কে পরাজিত করে। এই টুর্নামেন্টে মোট ষোলটি খ্যাতনামা ফুটবল দল অংশ নিচ্ছে। উল্লেখ্য, গতকাল সন্ধ্যায় এই টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

Naidu Trophy:

কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় দিল্লির বিরুদ্ধে ত্রিপুরা ইনিংসে পরাজয় এড়াতে লড়াই করছে। নরসিংগড়ের পিটিএ মাঠে ৬ উইকেটে ৪৮৪ রান থেকে খেলতে নেমে সফরকারী দিল্লি তৃতীয় দিনে ৮ উইকেটে ৫১০ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষণা দেয়। ৩৫১ রানে পিছিয়ে থেকে রাজ্যদল দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৭ উইকেট হারিয়ে ২৫০ রান করে। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ১৪৯ রান করেছিল।
